গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd

নম্বর: ৩১.০০.০০০০.০৪৬.৬৮.০৪৪.১২ (অংশ)-**৫৭৭**

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ। / ০১ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ।

## পরিপত্র

**বিষয়: ভূমি মন্ত্রণালয়ের অধীন মাঠ পর্যায়ে একই কর্মস্থলে ৩ (তিন) বছর বা তদূর্ধ্বকাল কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বদলি/কর্মস্থল পরিবর্তন।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ভূমি ব্যবস্থাপনা ও ভূমি সেবা জনগণের জীবন, জীবিকা ও সম্পদের সঙ্গে প্রত্যক্ষভাবে সম্পৃক্ত একটি গুরুত্বপূর্ণ সরকারি কার্যক্রম। এ কার্যক্রমে স্বচ্ছতা, নিরপেক্ষতা, জবাবদিহি ও জনবান্ধব সেবা নিশ্চিতকরণে মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সুষ্ঠু ও সময়োপযোগী পদায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ।

২। একই কর্মস্থলে দীর্ঘদিন দায়িত্ব পালনের ফলে স্থানীয় পর্যায়ে অতিরিক্ত ব্যক্তিগত যোগাযোগ ও স্বার্থসংশ্লিষ্টতা গড়ে ওঠার সম্ভাবনা থাকে, যা কোনো কোনো ক্ষেত্রে দায়িত্ব পালনের নিরপেক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহি ব্যাহত করতে পারে। বিশেষত ভূমি ব্যবস্থাপনার মতো জনগুরুত্বপূর্ণ ও সংবেদনশীল কার্যক্রমে নিয়মিত পদায়ন/রোটেশনের মাধ্যমে এ ধরনের ঝুঁকি হ্রাস করা এবং প্রশাসনিক গতিশীলতা বজায় রাখা সমীচীন।

৩। সরকারের বিদ্যমান নীতি ও নির্দেশনার আলোকে ভূমি মন্ত্রণালয়ের অধীন মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের একই কর্মস্থলে দীর্ঘকাল দায়িত্ব পালন নিরুৎসাহিত করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে একই কর্মস্থলে ৩ (তিন) বছর বা তদূর্ধ্বকাল কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের পর্যায়ক্রমে অন্যত্র বদলি/কর্মস্থল পরিবর্তনের মাধ্যমে দায়িত্ব পালনের সুযোগ সৃষ্টি করা প্রয়োজন।

৪। এ লক্ষ্যে প্রত্যেক বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক নিজ নিজ অধিক্ষেত্রে ভূমি মন্ত্রণালয়ের অধীন মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের নাম, পদবি, বর্তমান কর্মস্থল, বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ এবং কর্মকাল উল্লেখপূর্বক একটি হালনাগাদ তালিকা প্রস্তুত করবেন। তালিকা পর্যালোচনাপূর্বক একই কর্মস্থলে ৩ (তিন) বছর বা তদূর্ধ্বকাল কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের পর্যায়ক্রমে বদলি/কর্মস্থল পরিবর্তনের জন্য প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫। কোনো কর্মকর্তা/কর্মচারীকে ৩ (তিন) বছর পূর্ণ হওয়ার পূর্বে প্রশাসনিক প্রয়োজন, জনস্বার্থ, শৃঙ্খলা, অভিযোগ, কর্মদক্ষতা বা অন্য কোনো সুনির্দিষ্ট ও যৌক্তিক কারণে বদলি/কর্মস্থল পরিবর্তনের প্রয়োজন হলে প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৬। এ অবস্থায়, বিষয়টি নিয়মিত প্রশাসনিক কার্যক্রমের অংশ হিসেবে বিবেচনা করে ভূমি মন্ত্রণালয়ের অধীন মাঠ পর্যায়ে একই কর্মস্থলে ৩ (তিন) বছর বা তদূর্ধ্বকাল কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের পর্যায়ক্রমে বদলি/কর্মস্থল পরিবর্তনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


এ এস এম সালেহ আহমেদ
সিনিয়র সচিব
ফোন: +৮৮০২৫৫১০১১৩১
ই-মেইল: secretary@minland.gov.bd


**বিতরণ:**

১। বিভাগীয় কমিশনার (সকল)
২। জেলা প্রশাসক (সকল)

**অপর পৃষ্ঠা দ্রষ্টব্য**

নম্বর: ৩১.০০.০০০০.০৪৬.৬৮.০৪৪.১২ (অংশ)-৫৭৭

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ।
০১ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ।

**সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি প্রেরণ করা হলো:**

১. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সহকারী কমিশনার (ভূমি) (সকল)।
৫. সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. মাননীয় মন্ত্রীর সহকারী একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. অফিস কপি/মাস্টার কপি।

০১/০৯/২৬

মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান
উপসচিব